

আমাদের ফিদেল

João Pedro Stédile

ফিদেল ক্যাস্ট্রো (১৩ আগস্ট ১৯২৬-২৫ নভেম্বর ২০১৬)

আমরা ফিদেলকে হারিয়েছি। পেয়েছি অনুসরণযোগ্য অনেক দৃষ্টান্ত আর জ্ঞানসমৃদ্ধ ইতিহাস।

ফিদেলের গল্পটা বর্ণনার বাইরের একটি গল্প-কেবল শব্দ আর বাক্য দিয়ে যে গল্পের ভেতরের গল্পকে বোঝানো যাবে না। তাই আমি কেবল সাক্ষ্য দিয়ে যাচ্ছি।

তিনি ৬০ বছরের বেশি সময় ধরে তাঁর সমস্ত জ্ঞান, প্রজ্ঞা, নেতৃত্ব আর আন্তরিকতা দিয়ে গড়ে তুলেছেন সংঘবদ্ধ ও সুসংহত এক জনসমষ্টি, যারা হয়ে উঠেছে অপ্রতিরোধ্য। যারা মুখোমুখি হয়েছে ২০ শতকের সবচেয়ে শক্তিশালী অর্থনৈতিক ও সামরিক শক্তির : যুক্তরাষ্ট্রের পুঁজির।

এই বছরগুলোতে জনগণ শিখেছে কিভাবে সবচেয়ে প্রতিকূল পরিস্থিতির মোকাবিলা করতে হয়, হোক তা হারিকেন, ঝড় কিংবা ফসল বিনষ্ট হওয়ার মতো প্রাকৃতিক দুর্ঘটনা। তারা অসহনীয় অর্থনৈতিক অবরোধ দেখেছে। মুখোমুখি হয়েছেন স্থায়ী যুদ্ধ পরিস্থিতির, যার সাথে অন্তর্ভুক্ত ছিল ১৯৬১ সালের বে অব পিগসের সামরিক আগ্রাসন।

স্বল্প উৎপাদনক্ষমতা এবং তীব্র অসমতাपूर्ण ঔপনিবেশিক সংস্কৃতির অবশেষ সংবলিত একটি সমাজের সকল সীমাবদ্ধতার সামনে তাদের দাঁড়াতে হয়েছে, যেখানে ছিল দাসশ্রম, আখের এককেন্দ্রিক উৎপাদন এবং অধস্তনতার সংস্কৃতি। বৈশ্বিক ভূ-রাজনীতির শিকার একটি প্রান্তিক রাষ্ট্র হিসেবে সবচেয়ে দুর্দশার সময়টা তারা পার করেছে। এবং এই সমস্ত যুদ্ধে তারা জয়ী হয়েছে।

তারা এমন এক সমাজ নির্মাণ করেছে, যা আপোসহীনভাবে সকল নাগরিকের জন্য সম-অধিকার ও সুযোগ নিশ্চিত করতে সক্ষম হয়েছে।

তারা অশিক্ষার অন্ধকারকে জয় করেছে এবং দেশটিকে শিক্ষার ক্ষেত্রে পৃথিবীর সর্বোচ্চ উচ্চতায় পৌঁছে দিয়েছে।

তারা তৈরি করেছে প্রতিরোধ, মানবহিতৈষী ও সংহতিपूर्ण এমন এক চিকিৎসা ব্যবস্থা, যা প্রায় ৬০ হাজার চিকিৎসককে পৃথিবীর প্রায় সমস্ত দেশে প্রেরণ করেছে এবং এই সংখ্যাটি পৃথিবীর সব দেশ এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রেরিত চিকিৎসকদের সংখ্যাকেও ছাড়িয়ে গেছে। আমাদের জন্য তারা ১৪ হাজার ডাক্তার পাঠিয়েছে, যার ফলে ৪৪ মিলিয়ন ব্রাজিলিয়ান প্রথমবারের মতো মানসম্মত প্রতিরক্ষামূলক চিকিৎসা সেবার স্বাদ পাচ্ছে।

পৃথিবীর যেসব দেশ, বিশেষত আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার দেশ, যারা অবিচার ও নিপীড়নের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে, তাদের প্রতি তারা সব সময়ই সংহতি প্রকাশ করে এসেছে।

আমাদের আন্দোলন, গ্রামীণ ভূমিহীন শ্রমিক আন্দোলন (Movement of Rural Landless Workers or MST), কিউবান জনগণের কাছ থেকে সব সময়ই সংহতি ও সহযোগিতা পেয়ে এসেছে বিশেষত তাদের কারিগরি বিদ্যালয় এবং ল্যাটিন আমেরিকান স্কুল অব মেডিসিন (ELAM) থেকে, যেখানে শত শত দরিদ্র ব্রাজিলিয়ান তরুণ প্রশিক্ষণ পাচ্ছে। আমাদের আন্দোলন বয়স্ক শিক্ষার ক্ষেত্রে একটি বিশেষ অভিজ্ঞতা ও কৌশল অর্জন করেছে। আমরা একত্রিতভাবে আন্তর্জাতিক আন্দোলন সূত্র গড়ে তুলেছি :

ক্যাম্পেসিনা, দ্য বলিভারিয়ান অ্যালায়েন্স ফর পিপলস অব আওয়ার আমেরিকা (আলবা); পোপের সাথে পপুলার মুভমেন্টের বৈশ্বিক সভা (World Meeting of Popular Movements), কিউবান ক্ষুদ্র কৃষকদের জাতীয় সংঘ (National Association of Small Farmers, ANAP), কিউবান অ্যাসোসিয়েশন অব অ্যাগ্রিকালচার অ্যান্ড ফরেস্ট্রি এক্সপার্টস (Cuban Association of Agriculture and Forestry Experts ACTAF) এর ভূ-বাস্তুসংস্থান (Agroecology) বিশেষজ্ঞ, দ্য ফেডারেশন অব কিউবান ওয়ার্কার্স (The Federation of Cuban Workers CTC), দ্য মার্টিন লুথার কিং সেন্টার (The Martin Luther King Center) ইত্যাদির মাধ্যমে। কিন্তু সব কিছুর ওপরে আমরা শিখেছি, কিভাবে নজির স্থাপনকারী সংগ্রামের দৃঢ়তা অর্জন করা যায়।

আমরা কিউবার জনগণের সাথে সক্রিয়ভাবে আমেরিকার মুক্ত বাণিজ্য অঞ্চল (এফটিএ), এবং ল্যাটিন আমেরিকায় সাম্রাজ্যবাদী আধিপত্যের বিরুদ্ধে প্রচারণায় অংশ নিয়েছি। এবং ফিদেল ছিলেন সব সময়ই জনগণের কাছে সংগঠক ও অনুপ্রেরণা।

এখানে আমি এই নেতা, পরামর্শক, রাজনৈতিক নীতি-নির্ধারকের অতুলনীয় ব্যক্তিগত রূপটিকে মহিমান্বিত করতে যাচ্ছি না। আমি কেবল জোর দিচ্ছি আমাদের অ্যাক্টিভিস্টদের প্রতি, তারা যেন জীবনের দুটি মৌলিক ক্ষেত্রে ফিদেলের পদাঙ্ক অনুসরণ করতে পারে। প্রথমত পড়ার প্রতি ভালোবাসা। ফিদেল ছিলেন জ্ঞানের গুরুত্ব, বৈজ্ঞানিক শিক্ষা ও মুক্তিদায়ী শিক্ষার একজন চিরকালীন প্রচারক। তাঁর তরুণ বয়স থেকে জীবনের শেষ দিন পর্যন্ত তিনি নিবিষ্টভাবে পড়ে গেছেন। তিনি প্রায় সময়ই তাঁর অনুপ্রেরণা হোসে মার্তির একটি উক্তি পুনরাবৃত্তি করতেন-“কেবল জ্ঞানই পারে মানুষকে সত্যিকারের মুক্তি দিতে।”

দ্বিতীয়ত তিনি সব সময়ই তাঁর জনগণের সাথে ছিলেন, প্রতিটি মুহূর্তে, সকল কঠিন সময়ে সামনের সারিতে থেকেছেন-তা সে যুদ্ধ হোক কিংবা জ্ঞান বা উৎপাদনের পরিচালনার ক্ষেত্রে হোক। অনায়াসে তিনি আত্মোৎসর্গের এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন।

তাঁর চিন্তা ও ঐক্যের ধারাবাহিকতার দিক দিয়ে তিনি ছিলেন একজন মেধাবী মানুষ।

তিনি রেখে গেছেন এক অসাধারণ উত্তরাধিকার, এক অনন্য দৃষ্টান্ত, যা আমরা অনুসরণ করতে পারি।

ফিদেল দীর্ঘজীবী হোন! ফিদেল বেঁচে থাকবেন অনন্তকাল!

সাও পাওলো, ব্রাজিল, ২৬ নভেম্বর ২০১৬

João Pedro Stédile ব্রাজিলের ভূমিহীন শ্রমিক আন্দোলনের (এমএসটি) একজন প্রতিষ্ঠাতা। মূল লেখাটি প্রকাশিত হয়েছিল 'Uma história que não pode ser escrita com palavras...' শিরোনামে এমএসটি ওয়েবসাইটে ২০১৬ সালের ২৬ নভেম্বর। ইংরেজিতে অনুবাদ করেছেন মুভমেন্ট ট্রান্সলেশন সার্ভিসের Yoshie Furuhashi.

অনুবাদক : আতিয়া ফেরদৌসী চৈতী।

ইমেইল : chaity.srsp@gmail.com